

সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ১৮১৪

৮/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৮/১৬. যেসব মালের যাকাত প্রদান বাধ্যতামূলক।

بَابُ مَا تَجِبُ فِيهِ الزَّكَاةُ مِنَ الْأَمْوَالِ

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ سَوَّادٍ الْمِصْرِيُّ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ أَخْبَرَنِي سُلَيْمَانُ بْنُ بِلَالٍ عَنْ شَرِيكَ بْنِ أَبِي نَمِرٍ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَهُ إِلَى الْيَمَنِ وَقَالَ لَهُ خُذْ الْحَبَّ مِنَ الْحَبِّ وَالشَّاةَ مِنَ الْغَنَمِ وَالْبَعِيرَ مِنَ الْإِبِلِ وَالْبَقَرَةَ مِنَ الْبَقَرِ

বাংলা

১/১৮১৪। মু'আয ইবনু জাবাল (রাঃ) থেকে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ইয়ামনে পাঠান এবং বলেনঃ ফসলের যাকাত বাবদ ফসল, ছাগলের যাকাত বাবদ ছাগল, উটের যাকাত বাবদ উট এবং গরুর যাকাত বাবদ গরু আদায় করবে।

English

Mu'adh bin Jabal narrated that:
the Messenger of Allah sent him to Yemen and said to him: "Take grains from grains, sheep from sheep, camels from camels and cows from cows"

ফুটনোট

তিরমিযী ৬২৩, নাসায়ী ২৪৫০, ২৪৫১, ২৪৫২, ২৪৫৩, আবু দাউদ ১৫৭৬, ১৫৯৯, আহমাদ ২১৫০৫, ২১৫৩২, ২১৫৭৯, ২১৬২৪, মুয়াত্তা মালেক ৫৯৮, দারেমী ১৬২৩, ১৬২৪, যঈফাহ ৩৫৪৪।

তাহকীক আলবানীঃ যঈফ। উক্ত হাদিসের রাবী শারীক বিন আবু নামির সম্পর্কে আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি সিকাহ। তবে ইবনুল জারুদ বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। ইবনু আদী বলেন, তিনি সিকাহ রাবী থেকে হাদিস বর্ণনা করলে তখন তার ঐ হাদিসে কোন সমস্যা নেই। (তাহযীবুল কামালঃ রাবী নং

২৭৩৭, ১২/৪৭৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=32682>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন